# ECHO OF HIS CALL

# আহ্বানের প্রতিধ্বনি

**BENGALI**

ECHO OF HIS CALL 1969-2019 GOLDEN JUBILEE

REACHING NATIONS

*India's National Spiritual Newspaper*

₹ 10/-

Published monthly in ENGLISH, TAMIL, MALAYALAM, TELUGU, HINDI, KANNADA, MARATHI, BENGALI, GUJARATI, ODIYA, ASSAMESE, PUNJABI, NEPALI, URDU, SINHALA & AFRIKAN

Editor : S. SAM SELVA RAJ | 16 Languages | Associate Editor: Rev. Dr. ANJAN KUMAR SINGH

Vol. XXV | DECEMBER 2023 | No. 10


## পবিত্র বাইবেল

অনুগ্রহ করে এই অংশটি মুখস্থ করুন

প্রভুর প্রশংসা হোক

যিশাইয় ৯:১-৬

১। তবুও, যারা বিপর্যস্ত হয়েছিল, তাদের মধ্যে বিষাদ আর থাকবে না। অতীতকালে তিনি সবূলূনের ভূমি ও নপ্তালির ভূমিকে অবনত করেছিলেন; কিন্তু পরবর্তীকালে তিনি সমুদ্রের নিকটবর্তী সেই পথ থেকে, জর্ডন নদীর তীরে স্থিত পরজাতিদের গালীলকে সম্মানিত করবেন।

২। যে জাতি অন্ধকারে বসবাস করত,তারা এক মহাজ্যোতি দেখতে পেয়েছে; যারা মৃত্যুচ্ছায়ার দেশে বসবাস করত, তাদের উপরে এক জ্যোতির উদয় হয়েছে।

৩। তুমি সেই জাতির বৃদ্ধি করেছ এবং তাদের আনন্দ বর্ধিত হয়েছে;তারা তোমার সম্মুখে উল্লসিত হয় যেমন লোকে শস্যচয়নের সময়ে করে, যেমন যোদ্ধারা আনন্দ করে, যখন তারা লুণ্ঠিত বস্তু বিভাগ করে।

৪। যেমন তোমরা মিদিয়নকে পরাস্ত করার সময়ে করেছিলে, তাদের দাসত্বের জোয়াল তোমরা ভেঙে ফেলবে, তাদের কাঁধ থেকে ভারী বোঝা তুলে ফেলবে, তোমরা নিপীড়নকারীদের লাঠি ভেঙে ফেলবে।

৫। যুদ্ধে ব্যবহৃত প্রত্যেক যোদ্ধার জুতো ও রক্তে ভেজা প্রত্যেকটি পোশাক অবশ্য দগ্ধ করা হবে, সেগুলি আগুনের জ্বালানি স্বরূপ হবে।

৬। কারণ আমাদের জন্য এক শিশুর জন্ম হয়েছে, রাজ্যের শাসনভার তাঁরই কাঁধে দেওয়া হবে। আর তাঁকে বলা হবে আশ্চর্য পরামর্শদাতা, পরাক্রমী ঈশ্বর, চিরন্তন পিতা, শান্তিরাজ।

# রাজপুত্রের উপহার



আচার্য অ্যাঞ্জেলীন সেলভাকুমারী

শিশুকাল থেকেই বড়দিন আমার হৃদয়ে সর্বদা এক বিশেষ জায়গা করে নিয়েছে। এটি আমাদের মধ্যে এক অবর্ণনীয় আনন্দ নিয়ে আসে। আমি যখন ছোট ছিলাম, আমাদের কাছে নতুন পোষাক অথবা উপহার অথবা ঘর সাজানোর জন্য রঙীন কাগজ বা লাইট কেনার মতো যথেষ্ট টাকা ছিল না। তখন আমরা এক শয্যা-কক্ষ যুক্ত একটি ছোট ঘরে থাকতাম। আমাদের সীমিত খাবার ছিল, কিন্তু আমার বাবা মা সর্বদা আমাদের শৈশবকে সুন্দর এবং অর্থপূর্ণ করার জন্য নতুন নতুন উপায় খুঁজে বের করতেন। তাদের এই প্রচেষ্টার জন্য আমি এবং আমার ভাই চিরকাল তাদের কাছে কৃতজ্ঞ থাকবো। এটা আমাদের কাছে একটি বিস্ময় বিহ্বলকারী সময় ছিল! ঠাকুর্দা ঠাকুমার ঘরে যাওয়া, জ্ঞাতী ভাইবোনদের সঙ্গে দেখা করা, খুব সকাল বেলায় ঘুম জড়ানো চোখে চার্চে যাওয়া, সমগ্র পরিবার একসঙ্গে সুস্বাদু মধ্যাহ্নভোজ খাওয়ার জন্য আগ্রহের সঙ্গে অপেক্ষা করে থাকা, বিভিন্ন খেলা করা এবং কয়েক সময় এমনকী ভাইবোনদের সঙ্গে ঝগড়া করা - ঐ সমস্ত দিনগুলো সত্যিই কত সুন্দর ছিল।

এমনকী এখনও, প্রতি বছর, মোমবাতির সুগন্ধ, মিষ্টি বিস্কুটের সুবাস, মিটমিট করে জ্বলা অলঙ্কারপূর্ণ লাইটগুলো, এবং শীতল বাতাস, হৃদয় উষ্ণকারী ক্যারোল, আমাদের সেই পুরাতন স্মৃতিগুলোকে জাগিয়ে তোলে।

*ক্রমশ: ৩য়পৃষ্ঠায়*


তাঁর আহ্বানের প্রতিধ্বনি

## ইউ টিউব খ্রীষ্টিয়ান চ্যানেল!



আপনি পাস্টর এস. স্যাম সেলভা রাজের সঙ্গে প্রার্থনা করার সুযোগ পাবেন।

**Message & Prayer in 5 minutes!!**

ইংরেজি, হিন্দি, তামিল ও তেলুগু

Every day – From 2.00 A.M.

**৫ মিনিটের বাণী!!**

**তামিল এবং তেলেগু - ভোর ৫টা**

**তামিল ভাষায় রবিবারের উপাসনা - সকাল ৮.৩০**

# আহ্বানের প্রতিধ্বনি – (১৯৬৯-২০১৯ সুবর্ণ জয়ন্তী বর্ষ)



## from your dearly beloved brother...



আমি তোমাকে আঁকড়ে ধরে থাকি, তোমার শক্তিশালী ডান হাত আমাকে ধারণ করে। – গীত ৬৩:৮

প্রভুতে প্রিয় ভাই ও বোনেরা!

আমরা আমাদের প্রভু এবং ত্রাণকর্তা যীশু খ্রীষ্টের অতুলনীয় নামে আপনাদের শুভেচ্ছা জানাই। আমরা আপনাদের শুভ বড়দিনের এবং আশীর্বাদযুক্ত নববর্ষের প্রীতি ও শুভেচ্ছা জানাই।

### আহ্বানের প্রতিধ্বনি পত্রিকা এবং ইউ টিউব পরিচর্যা

আমাদের **আহ্বানের প্রতিধ্বনি পত্রিকার** পাঠকদের কাছ থেকে এবং **ইউ টিউব চ্যানেলের** দর্শকদের থেকে ইতিবাচক সাড়াদান লাভ করার জন্য আমরা আমাদের সদাপ্রভু ঈশ্বরকে ধন্যবাদ জানাই। আমরা প্রতিদিন ভোর ২টো থেকে ইউ টিউব চ্যানেলে সম্প্রসারিত ইংরাজী, হিন্দি, তামিল এবং তেলুগু ভাষায় পাঁচ মিনিটের সারমন শোনার জন্য আপনাদের উৎসাহিত করছি। অনুগ্রহ করে আমাদের মোবাইল নম্বর +91-98410 71858 কেবল এই উদ্দেশ্যে আপনাদের মোবাইলে সেভ করুন। এছাড়াও, আমাদের সঙ্গে সরাসরি সংযোগ করার জন্য আরেকটি মোবাইল নম্বর +91-98412 71858 সেভ করে রাখুন। এই পরিষেবা সম্পূর্ণ বিনামূল্যে আপনি ব্যবহার করতে পারবেন।

### অল্প বয়েসী ছেলে মেয়ে এবং বাচ্চাদের তত্ত্বাবধানের জন্য বিশ্ব দর্শন

আমরা সারা বিশ্বব্যাপী অল্পবয়েসী ছেলে, মেয়ে, এবং শিশুদের কল্যাণের জন্য এক মিনিট প্রার্থনা করার জন্য **অল্প বয়েসী বালক বালিকাদের এবং শিশুদের পরিষেবা নামক** একটি আন্দোলনের উদ্যোগ গ্রহণ করেছি। সারা পৃথিবীব্যাপী অসংখ্য বন্ধুরা এই পরিচর্যায় তাদের নাম নথিভুক্ত করেছেন। **যারা তাদের নাম নথিভুক্ত করেছেন তাদের প্রত্যেককে তাদের দেশের সময় অনুযায়ী প্রতিদিন ঠিক রাত ১০টার সময় নিম্নলিখিত প্রার্থনাটি করার জন্য উৎসাহিত করা হয়েছে:**

**প্রিয় প্রভু, আমরা আমাদের ত্রাণকর্তা প্রভু যীশু খ্রীষ্টের নামে প্রার্থনা করি, যে তুমি সারা পৃথিবীর প্রত্যেকটি বালক, বালিকা, এবং শিশুদের স্মরণ করো– আমেন।"**

এই প্রার্থনার ফল হিসাবে, তরুণ প্রাপ্তবয়স্করা এবং শিশুরা প্রভু যীশু খ্রীষ্টের সাক্ষ্যবহন করার কাজের সঙ্গে যুক্ত হচ্ছে। সমস্ত গৌরব এবং প্রশংসা কেবল প্রভু যীশু খ্রীষ্টের। আমেন।



ইয়ুথ এবং বাচ্চাদের সঙ্গে প্রভু যীশু খ্রীষ্ট

আপনি যদি আপনার সন্তানদের নাম দেন, তাহলে আমরা প্রার্থনার জন্য তাদের নাম অন্তর্ভুক্ত করবো। অনুগ্রহ করে এই উদ্দেশ্যের জন্য কোনও আর্থিক অনুদান পাঠানো থেকে বিরত থাকুন।

**আমাদের মিশনের নীতি**

সমকালীন প্রজন্মের কাছে প্রাচীন এবং আদি প্রেরিতদের শিক্ষাগুলিকে লঘু না করে ব্যাখ্যা করা এবং শিক্ষা দেওয়াই হচ্ছে আমাদের লক্ষ্য।


**HON. EDITOR-IN-CHIEF**
Rev. Angeline S. Kumari, M.A., M.Sc., M.Ed.

**MANAGING EDITOR**
Pastor Alex Samson Sam, B.Th., M.Div.

**GENERAL MANAGER**
Bro. N. Prakasam, M.A., M.Sc.(C&P), PGDHRM, MBA.

**ADMINISTRATION**
Sis. Jesy Veena Sam
Adv. K. Puratchivendan, M.Com., C.A., B.L.
Dr. P.E.R. Premchand, M.Sc., M.A., M.Ed., Ph.D.
Dr. C.G.S. Baburao, B.Tech., M.Tech. (DM), Ph.D.
Dr. Rabinder Boaz, M.S. (CMC)

**EDITORIAL BOARD**
Dr. Serena Bevin, M.A., M.Phil., B.Ed.
Sis. Sajini Cherian
Sis. L. Mariya Anjalin, M.A., M.Sc., B.Ed.
Rev. Dr. K.R. Rajasekaran



**EDITOR, PUBLISHER & PRINTER**
Pastor S. SAM SELVA RAJ
Echo of His Call Printers
10, Mohammed Abdullah 2nd Street,
Chepauk, Chennai- 600 005, India.
Phone : (+ 91- 44) 2852 8282, 2852 9293, 2854 7766
Cell : (+91) 98410 71852, 98412 71858
95661 31858

**E.MAIL**
sam@echoofhiscall.org
biblecor@yahoo.co.in

**WEBSITES**
www.echoofhiscall.org
www.stpaulsmatriculation.com

**YOUTUBE CHANNEL**
Echo of His Call

আমাদের মধ্যে অনেক সমর্পিত সহকর্মী আছেন যারা সামনের সারিতে থেকে পরিচর্যা কাজ করেন তারা বিভিন্ন অসুস্থতায় আক্রান্ত হচ্ছেন এবং অর্থপূর্ণ ক্ষতিতে ভুগছেন। আমরা বিনয়ের সঙ্গে অনুরোধ করছি ঈশ্বরের দাসদের মঙ্গলের জন্য, সুরক্ষার জন্য, এবং পারিবারিক পরিস্তিতিগুলোর জন্য আপনাদের প্রার্থনায় তাদের স্মরণ করুন।

এ বছর ৩১ শে ডিসেম্বর রাত ১০টা থেকে আমাদের নববর্ষের উপাসনা সভা ইউ টিউবে সম্প্রচারিত হবে। আপনাদের সুবিধা মতো এটা দেখার জন্য আমরা আপনাদের স্বাগতঃ জানাচ্ছি। আপনারা যেন আপনাদের স্থানীয় মণ্ডলীতে যোগদান করেন তার জন্য আমরা আপনাদের উৎসাহিত করছি। আপনার মণ্ডলীতে যোগদান করার বিষয়টি খুবই গুরুত্বপূর্ণ বিষয়।

নববর্ষে বিশেষ আশীর্বাদের জন্য প্রার্থনার অধিবেশনগুলি ২০২৪ সালের ২রা জানুয়ারী থেকে ২০২৪ সালের ৭ই জানুয়ারী পর্যন্ত প্রতিদিন সকাল ৬টা থেকে শুরু হবে।

আমরা আমাদের আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি ডাকঘরের মাধ্যমে প্রেরণ করছি। যাইহোক, আমরা জানি যে প্রত্যেকে এটা পাচ্ছেন না। আমাদের পরবর্তী সংখ্যাগুলি পাওয়ার বিষয়টি সুনিশ্চিত করতে আপনার হোয়াটস্ অ্যাপ নম্বরটি এবং তার সঙ্গে আপনার ঠিকানাটি পাঠান যাতে আমরা নিরাপত্তা যোগ করতে পারি।

ডিসেম্বর মাসের জন্য, আমরা বিভিন্ন পরিচর্যাগুলো সংগঠিত করেছি, এবং কোনও বাধা ছাড়াই আমরা যেন এই অনুষ্ঠানগুলি সফলভাবে করতে পারি তার জন্য আমরা আন্তরিকভাবে আপনাদের প্রার্থনা কামনা করছি।

আপনাদের সবাইকে জানাই বড়দিনের শুভেচ্ছা এবং শুভ নববর্ষের শুভ কামনা।

যীশু খ্রীষ্টে আপনাদের ভাই,

**পাস্টর এস. স্যাম সেলভা রাজ এবং অ্যালেকস স্যামসন স্যাম।**
(+91) 98412 71858 / 98410 71858,
E.mail : sam@echoofhiscall.org

*(ক্রমশঃ, ১ম পাতার পর)*

যাইহোক, কয়েক জনের কাছে, বড়দিন ভিন্ন অভিজ্ঞতার হতে পারে। কারও কাছে এটি একটি মানসিক চাপের অভিজ্ঞতা হতে পারে যা কোনও একজন ভালোবাসার ব্যক্তির স্মৃতি ফিরিয়ে আনে যে ব্যক্তি আর আমাদের মধ্যে নেই। অন্যদের কাছে এটি স্বাস্থ্যের বিষয়ে সংগ্রাম হতে পারে অথবা আর্থিক অভাবের বিষয় হতে পারে। কয়েক জনের কাছে বড়দিন তাড়াহুড়া এবং ছোটাছুটির বিহ্বলকারী সময় যা তাদেরকে নিঃসঙ্গতা, দুঃখবোধ, অথবা হতাশার মধ্যে পরিচালিত করে। এমনকী বলা হয় যে এই সময় আত্মহত্যার হার বৃদ্ধি পায়।

এছাড়াও, প্রকৃত বড়দিন ২৫শে ডিসেম্বরে উদযাপিত হওয়া সঠিক কিনা এবং ঐ দিনেই যীশুর জন্ম হয়েছিল কিনা সেই বিষয়েও একটি বিতর্ক চালু আছে। আমার কাছে এই পৃথিবীতে যীশু যে জন্মেছিলেন সেই সত্যের তুলনায়, নির্দিষ্ট দিনের বিষয়টি ততটা গুরুত্বপূর্ণ নয়, এবং এটি একটি অকম্পিত সত্য। ঈশ্বরের পুত্র মনুষ্যপুত্রে পরিণত হয়েছিলেন, আর এটাই প্রকৃত বিবেচ্য বিষয়।

সেই কারণে, আমি জগতের কাছে এই মহত্তম উপহারের বিষয় ঘোষণা করার সুযোগ গ্রহণ করছি যা আমি লাভ করেছি - যীশুর জন্ম। আমার জীবনের পরিস্থিতিগুলোর বিষয় বিবেচনা না করে, আমি আমার পরিবার এবং বন্ধুদের সঙ্গে এই অনুষ্ঠানটি উদ্‌যাপন করতে ভালোবাসি। আমি সেই সমস্ত ব্যক্তিদেরও অন্তর্ভুক্ত করার বিষয় বিশেষ করে চিন্তা করি যাদের পরিবার নেই অথবা যারা কঠিন সময়ের মধ্যে দিয়ে যাচ্ছে। এটি হচ্ছে ভালোবাসা, তত্ত্বাবধান, এবং আমার যা কিছু আছে তা অন্যদের সঙ্গে সহভাগিতা করার সময়।

বড়দিনের একটি প্রধান বৈশিষ্ট যা বরাবর হয়ে থাকে বলে মনে হয়, এটি প্রায়ই উপহার দান করা এবং গ্রহণ করার সঙ্গে যুক্ত থাকে। আমরা আমাদের সন্তানদের জন্য নতুন পোষাক ক্রয় করি এবং আমাদের প্রিয় ভালোবাসার কারও জন্য বিশেষ কিছু কিনি যার মাধ্যমে আমরা তাদের প্রতি আমাদের ভালোবাসা, চিন্তা দেখাই এবং তাদের কাছে আমাদের আনন্দ সহভাগিতা করতে চাই। পাশ্চাত্যের দেশগুলিতে, আগস্ট মাস থেকেই লোকেরা বড়দিনের উপহারগুলি কিনতে শুরু করে। উপহার দান করার বিষয়টি অনেক দেশে এতো গুরুত্বপূর্ণ ঐতিহ্য যে লোকেরা ইতিমধ্যেই মানবজাতীকে যে মহত্তম উপহার প্রদত্ত হয়েছে তা উদযাপন করতে ভুলে যায় - যীশু জন্ম।

## যীশুর জন্ম আমাদের পাঁচটি গুরুত্বপূর্ণ উপহার দান করে:

### ১। সম্পূর্ণ হওয়া প্রতিজ্ঞার উপহার!

যীশু খ্রীষ্টের জন্ম আমাদের স্মরণ করিয়ে দেয় যে আমাদের ঈশ্বর প্রতিজ্ঞা রক্ষাকারী। তিনি যা বলেন, তিনি তা করবেন। তিনি মিথ্যা কথা বলার অথবা তাঁর মন পরিবর্তন করার মানুষ নন। এমনকী এর জন্য সময় লাগতে পারে-কয়েক সময় কয়েকটি প্রজন্ম সময় লাগতে পারে - কিন্তু তাঁর প্রতিজ্ঞা সর্বদা স্থির থাকে। বাইবেল বলে, **"আকাশের ও পৃথিবীর লোপ হইবে, কিন্তু আমার বাক্যের লোপ কখনও হইবে না" (মথি ২৪:৩৫)।**



***For unto us a Child is born!***

যাইহোক, আমরা প্রায়ই কয়েক সপ্তাহ, মাস, অথবা বছর পর সহজেই আমাদের প্রতিজ্ঞা ত্যাগ করি। আমাদের একটি বিষয় মনে রাখা প্রয়োজন যে ঈশ্বর যখন কোনও কিছু বলেন, তিনি সেটা করেন। হতে পারে এটা আমাদের জীবনকালের মধ্যেই করবেন অথবা আমাদের সন্তানদের সময়ের মধ্যে করবেন। ঈশ্বর ইহুদীদের কাছে একজন মশীহের সম্পর্কে প্রতিজ্ঞা করেছিলেন, এবং তিনি একজন মশীহকে পাঠিয়েছিলেন!

বাইবেলের পণ্ডিতরা বলেন যে পুরাতন নিয়মের প্রায় ৪৪ টি ভবিষ্যত বাণী যীশু খ্রীষ্টের জন্মের সঙ্গে সম্পূর্ণ হয়েছিল। উদাহরণ স্বরূপ, আদি ৩:১৫ পদে ভাববাণী করা হয়েছিল যে মশীহ এক স্ত্রীলোকের গর্ভে জন্মগ্রহণ করবেন যা মথি ১:২০ পদে সম্পূর্ণ হয়েছিল। তাঁর জন্মস্থান হচ্ছে আরেকটি প্রতিজ্ঞার সম্পূর্ণতা (মীখা

৫:২, মথি ২:১)। আমি এইভাবে অসংখ্য উদাহরণ দিয়ে যেতে পারি এবং সবগুলোর তালিকা তৈরী করতে পারি যে প্রতিজ্ঞগুলো সম্পূর্ণ হয়েছিল, কিন্তু বোঝার জন্য গুরুত্বপূর্ণ বিষয়টি হচ্ছে যে ঈশ্বরের লোকদের এই প্রতিজ্ঞাগুলো সম্পূর্ণ হতে দেখার জন্য বছরের পর বছর অপেক্ষা করতে হয়েছিল।

প্রিয় ঈশ্বরের সন্তানগণ, ঈশ্বর যদি আপনার কাছে কিছু প্রতিজ্ঞা করে থাকেন, বিশ্বাসে প্রার্থনা চালিয়ে যান। প্রার্থনা ত্যাগ করবেন না। আপনি বৃষ্টি অথবা বাতাস দেখতে পান না, কিন্তু আপনার পরিখাগুলি জলে পূর্ণ থাকে। যীশু যখন হাঁ বলেন, কেউ না বলতে পারে না! তিনি প্রতিজ্ঞা রক্ষাকারী! যখন কোনও কিছু ধরার থাকে না তখনও আপনার বিশ্বাস ধরে থাকুন। ঈশ্বর যা বলেছেন, তা তিনি করবেন।

বড়দিন হচ্ছে একটি সময় যখন আমরা ঈশ্বরের প্রতিজ্ঞার বিষয়টি দেখতে পাই না তখনও তিনি আমাদের হয়ে কাজ করছেন।

তাঁর সময়ে সমস্ত বিষয়গুলি সুন্দরভাবে তৈরী করা হবে। তাঁর সময়ের জন্য অপেক্ষা করুন! তাঁর সময় নিখুঁত! "সব কিছু সম্ভব।" সমর্পিত হন এবং ইলিশাবেত, মরিয়ম, শিমোন, এবং হান্নার মতো অপেক্ষা করুন। তারা সকলে অপেক্ষা করেছিলেন এবং ঈশ্বরের প্রতিজ্ঞাগুলি দেখেছিলেন।

## ২। শান্তির উপহার

দ্বিতীয় বৃহত্তম উপহারটি হচ্ছে তাঁর প্রদত্ত শান্তি। তাঁর নাম শান্তির রাজকুমার! আমাদের জীবনের সব থেকে গুরুত্বপূর্ণ বিষয় হচ্ছে শান্তি, তথাপি এটি শনাক্ত করা অথবা লাভ করা নাও যেতে পারে। শান্তি ছাড়া, কোনও কিছু বোঝা যায় না। আমাদের একটি প্রকাণ্ড অট্টালিকা থাকতে পারে, দামী গাড়ী থাকতে পারে, আমাদের বিপুল পরিমাণ বেতনের চাকরী থাকতে পারে, সুন্দরী স্ত্রী থাকতে পারে, ধনবান স্বামী থাকতে পারে, প্রতিভাবান সন্তান সন্ততি থাকতে পারে এবং যদি আমাদের মধ্যে শান্তি না থাকে,তাহলে আমাদের যাই থাকুক না কেন তার কোনও মূল্য থাকে না।

একবার আমি এক যুবকের সঙ্গে সাক্ষাৎ করেছিলাম যে আমার মনকে ভীষণভাবে প্রভাবিত করেছিল যখন সে আমাকে বলেছিল, "আমি বড় অট্টালিকায় কাঁদতে কাঁদতে বাস করার থেকে একটি ছোট ঘরে বাস করতে এবং খুশী থাকতে পছন্দ করবো।" সততার সঙ্গে বলছি, তার কথায় আমি আপ্লুত হয়েছিলাম। আমরা এই ধরণের সমাজের মধ্যে বাস করছি; আমরা লোকদের মনকে প্রভাবিত করার জন্য বেঁচে থাকি। আমরা আমাদের বাহ্যিক সম্পদের দ্বারা অন্য লোকদের নিজেদের সফল এবং ক্ষমতাশালী দেখাতে চাই। কিন্তু আমাদের অভ্যন্তরীণ সম্পদের বিষয়টি কী - শান্তি?

যীশু বলেন, "আমি তোমাকে যে শান্তি দিয়েছি তা সমস্ত পরিস্থিতির জন্য তোমার পক্ষে যথেষ্ট, তোমার ব্যাঙ্কে ১০ অঙ্কের টাকা থাকুক অথবা ১ অঙ্কের টাকা থাকুক, তোমার একটি পরিবার থাকুক অথবা তুমি একা হও, তুমি সুস্বাস্থ্যের অধিকারী হও অথবা ডাক্তার এবং ওষুধের ওপর নির্ভর করে জীবন অতিবাহিত করা না কেন, তুমি পুরুষ হও অথবা স্ত্রীলোক হও, যুবক হও অথবা বৃদ্ধ হও; সেটা কোনও বিষয় নয়।" যীশু বলেন, "**হে পরিশ্রান্ত ও ভারাক্রান্ত লোকসকল, আমার নিকটে আইস, আমি তোমাদের বিশ্রাম দিব**" (মথি ১১:২৮)। আমি তোমাকে যে শান্তি দিই, জগৎ তোমাকে সেই শান্তি দিতে পারে না (যোহন ১৪:২৭)। ঈশ্বর যে শান্তি দেন তা আমাদের বোধের অতীত, আমাদের কল্পনার অতীত। এটি এমন এক শান্তি যার অভিজ্ঞতা দানিয়েল সিংহের গর্জনের মধ্যে লাভ করেছিলেন, এটি এমন শান্তি যার অভিজ্ঞতা ইব্রিয় ভ্রাতৃগণ জ্বলন্ত অগ্নিকুণ্ডের মধ্যে লাভ করেছিলেন।

যীশু যে শান্তি দেন তার কোনও সীমা নেই। এমনকী ঝড়ের মধ্যেও, আপনি তাঁর শান্তির অভিজ্ঞতা লাভ করতে পারেন কারণ সমস্ত পরিস্থিতি তাঁর নিয়ন্ত্রণাধীন। ঈশরের অবগতি ছাড়া। কোনও কিছু আমাদের স্পর্শ করতে পারে না। ঐ আস্থা আমাদের থাকা উচিৎ। তিনি কখনও আমাদের পতিত হতে দেবেন না।

প্রিয় বন্ধু, হতে পারে আপনি আপনার জীবনে শুকনো সময়ের মধ্যে দিয়ে যাচ্ছেন, হতে পারে আপনি এখন আপনার জীবনে ঘুর্ণিঝড়ের মতো পরিস্থিতির মধ্যে দিয়ে যাচ্ছেন, কিন্তু আমি আপনাকে বলতে চাই, আমি এই পরিস্থিতির মধ্যে দিয়ে কেবল একবার, দুবার নয়, কিন্তু বহুবার গিয়েছি, এবং আমি দেখেছি যে যীশু গতকাল, আজ এবং চিরকাল সর্বদা একই রকম আছেন।

তিনি সর্বদা আমাকে তাঁর শান্তি দ্বারা পূর্ণ করেছিলেন। আপনি যে পরিস্থিতিগুলোর মধ্যেই থাকুন না কেন, আপনি যে অবস্থারই সম্মুখীন হন না কেন, আপনি যে গর্তের মধ্যেই বসে থাকুন না কেন, অথবা আপনি যে গলিয়াতের বিরুদ্ধেই মোকাবিলা করুন না কেন; আজ ঈশ্বরকে বলুন আপনাকে শান্তি দিতে। যীশু আপনাকে শান্তি দেবেন। কারণ তিনি শান্তির রাজকুমার।

আপনি কি জানেন যে প্রথম বড়দিন বাস্তবিক একটি মহান শান্তিপূর্ণ অনুষ্ঠান ছিল না? তুলনামূলকভাবে, কয়েক জন লোক যীশু খ্রীষ্টের জন্মের বার্তাটি শুনে ভয়ঙ্কর ভীত হয়েছিল। তারা আতঙ্কিত এবং অস্থির হয়েছিল। যাইহোক, যখন কিছু সংখ্যক ব্যক্তি ভীত হওয়া সত্ত্বেও বিশ্বস্ত ছিলেন, তারা যখন এই সুখবরটি

*(ক্রমশঃ, ৬ পাতায়)*


# नहेम्याह बाइबल कॉलेज
## रेसिडेन्शल कॉलेज, चेन्नई।

ECHO OF HIS CALL 1969-2019 REACHING NATIONS

माध्यम: हिन्दी

Regd. Candidate for Membership ATA NEHEMIAH BIBLE COLLEGE CHENNAI ECHO OF HIS CALL Estd. 1969

*सदस्यता के लिए पंजीकृत उम्मीदवार* - ATA

**सुविख्यात अंतर्राष्ट्रीय मसीही अगुवे तथा पिछले 54 वर्षों से सेवारत वरिष्ठ पासवान**

**Certificate in Ministry**
**Diploma in Theology**

**योग्यता 10 वी या अधिक**
**जल्दी करें!**

**Contact : The Chairman, Nehemiah Bible College.**

**10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK, CHENNAI - 600 005, INDIA.**
**Phone : (+91-44) 2852 8282, Cell : (+91) 98410 71852 / 95661 31858**
E.mail : sam@echoofhiscall.org / Website : www.echoofhiscall.org

★ ऑनलाइन कक्षाएं उपलब्ध हैं ★

GREAT COMMISSION PARTNERS
ECHO OF HIS CALL MINISTRIES
SINCE 1969

# মহান আদেশ অংশীদারগণ

## ভারবহন করা (গালা ৬:২), সাহায্য করা (রোমীয় ১২:১৩), এবং উদ্দীপিত হওয়ার জন্য (২ তীমথিয় ১:৬)

**প্রার্থনার অনুরোধসমূহ** (১৯শে ডিসেম্বর,২০২৩ থেকে ১৮ই জানুয়ারী, ২০২৪)

**(অনুগ্রহ করে এই পৃষ্ঠাটা বের করে নিয়ে আপনার বাইবেলের মধ্যে রাখুন এবং প্রতিদিন প্রার্থনা করুন)**



## প্রশংসার বিষয়সমূহ

**ডিসেম্বর ১৯ :** আমাদের সেণ্টপলস্ ম্যাট্রিকুলেশন স্কুল, নহিমিয় বাইবেল কলেজগুলি এবং থিওলজিক্যাল বাইবেল করেসপণ্ডেস কোর্স, এই সমস্ত পরিচর্যাগুলি কম সৌভাগ্যবানদের প্রয়োজনগুলি পূরণ করছে।

**দিন ২০:** আমাদের অনুবাদকদের, সহযোগি সম্পাদকদের, কোঅর্ডিনেটরদের এবং তাদের পরিবারগুলির আশীর্বাদের জন্য।

**দিন ২১:** আমাদের মিশনকর্মীদের মহান প্রতিশ্রুতিবদ্ধতার জন্য।

**দিন ২২:** আমাদের সমর্পিত কর্মীদের পরিবারের উপর আশীর্বাদের বারিধারার জন্য।

**দিন ২৩:** আমাদের বরিষ্ঠ পাস্টর এস. স্যাম সেলভা রাজ এবং তাঁর পরিবারের সমস্ত সদস্যদের সমস্ত রকমের মন্দশক্তি থেকে রক্ষা করার জন্য।

**দিন ২৪:** আমাদের নহিমিয় বাইবেল কলেজের সেকেণ্ড টার্ম পরীক্ষা সফলভাবে সম্পূর্ণ করার জন্য।

**দিন ২৫:** এ বছর আমাদের সমস্ত খ্রীষ্টিয় উদযাপন অনুষ্ঠানগুলিকে আশীর্বাদ করার জন্য।

**দিন ২৬:** ঈশ্বর আমাদের ১৬টি ভাষায় প্রকাশিত সুসমাচার প্রকাশনার প্রত্যেকটির জন্য রেজিস্ট্রেশন সার্টিফিকেট লাভ করতে আশীর্বাদ করার জন্য।

**দিন ২৭:** আমাদের প্রার্থনার অংশীদার, বিশ্বাসের অংশীদার, আজীবন অংশীদার এবং মহান আদেশ অংশীদার এবং তাদের পরিবারের সদস্যদের তাঁর অসীম করুণার জন্য ঈশ্বরের প্রশংসা হোক।

**দিন ২৮:** আমাদের বাইবেলকোর করেসপণ্ডেস কোর্স এবং থিওলজিকাল করেসণ্ডেস কোর্সের বৃদ্ধির জন্য।

**দিন ২৯:** ঈশ্বর আমাদের ১৬টি ভাষায় প্রকাশিত সুসমাচার সাহিত্যকে আশীর্বাদ করেছেন যা আমাদের প্রিণ্টিং প্রেস থেকে মুদ্রিত হয় এবং মিশনক্ষেত্রগুলিতে পাঠিয়ে দেওয়া হয়।

**দিন ৩০:** সারা বছর আমাদের নহিমিয় বাইবেল কলেজগুলি মসৃণভাবে কাজ করার জন্য।

**দিন ৩১:** ২০২৩ সালে অলৌকিক ভাবে আমাদের সমস্ত প্রয়োজনগুলি মেটানোর জন্য।

**জানুয়ারী ০১:** ২০২৪ সালের নতুন বছরে সমস্ত পাঠকদের এবং সারা পৃথিবীর লোকদের শান্তি কামনার জন্য।

**দিন ০২:** সমস্ত চার্চগুলিকে এবং বিশ্বাসীদের ২০২৪ সালে উত্তম প্রতিজ্ঞাগুলিসহ আশীর্বাদ করার জন্য।

**দিন ০৩:** ২০২৪ সালে সমস্ত খ্রীষ্টিয় সংস্থাগুলিকে এবং চার্চগুলিকে আশীর্বাদ করার জন্য।

## প্রার্থনার অনুরোধসমূহ

**দিন ০৪:** যুবকদের মধ্যে থেকে হিংস্রতা এবং নরহত্যা উচ্ছিন্ন করার জন্য এবং তাদের পবিত্র আত্মায় পূর্ণ হওয়ার জন্য।

**দিন ৫:** সমস্ত পরিবারগুলিতে শান্তি থাকার জন্য।

**দিন ৬:** জগতের নেতারা যেন স্বর্গীয় জ্ঞানে পূর্ণ হয় এবং প্রজাদের কল্যাণের জন্য কাজকরে।

**দিন ৭:** সারা পৃথিবীতে ব্যক্তিগত উপার্জনের উন্নতির জন্য।

**দিন ৮:** সারা পৃথিবীব্যাপী সমস্ত খ্রীষ্টিয় শিক্ষা প্রতিষ্ঠানগুলি যেন তাদের সুনাম বজায় রাখতে পারে।

**দিন ৯:** খ্রীষ্টানরা যেন ঈশ্বরের বাক্য মেনে চলে এবং খ্রীষ্টিয় চরিত্র প্রদর্শন করে।

**দিন ১০:** বিভিন্ন দেশগুলির মধ্যে যেন শান্তি বজায় থাকে এবং অর্থনৈতিক বিকাশ ঘটে।

**দিন ১১:** ২০২৪ সালে পাস্টর এস. স্যাম সেলভা রাজ এবং তাঁর পরিবারের সদস্যরা যেন ঈশ্বরের পরাক্রমী হাতের অধীনে থাকে।

**দিন ১২:** সমস্ত মণ্ডলীগুলো যেন মন্দ শক্তিগুলোর বিরুদ্ধে স্বর্গীয় সুরক্ষা পায়।

**দিন ১৩:** সমস্ত চার্চগুলি এবং খ্রীষ্টিয় সংস্থাগুলি যেন আইনগতভাবে সরকারী নথিভুক্ত হয়।

**দিন ১৪:** আমাদের সংস্থার জন্য আমরা যেন উপযুক্ত কর্মীদের খুঁজে পাই।

**দিন ১৫:** আমাদের পরিচর্যা কাজের অংশীদারদের এবং রাজ্য কোঅর্ডিনেটরদের কার্যকলাপে সাফল্যের জন্য।

**দিন১৬:** আমাদের বরিষ্ঠ পালকে আত্মজীবনী লেখাটি যেন সফলভাবে সম্পূর্ণ হয়।

**দিন ১৭:** আমাদের পরিচর্যার সম্প্রসারণ এবং সারা পৃথিবীব্যাপী সুসমাচার প্রচারের জন্য।

**দিন ১৮:** এ মাসে আমাদের প্রয়োজনগুলির বিষয়ে ঈশ্বরের প্রতিবিধানের জন্য।

*(ক্রমশঃ, ৪র্থ পাতার পর)*

শুনেছিলেন এবং বিশ্বাস করেছিলেন, তারা উল্লসিত হয়েছিলেন। যখন স্বর্গদূত রাখালদের কাছে আবির্ভূত হয়েছিলেন, তিনি বলেছিলেন, ... **"ভয় করিও না, কেননা দেখ, আমি তোমাদিগকে মহানন্দের সুসমাচার জানাইতেছি; সেই আনন্দ সমুদয় লোকেরই হইবে"** (লূক ২:১০)। তারা ছিল সরল বিশ্বাসযুক্ত সাধারণ লোক।

আরেকটি গুরুত্বপূর্ণ বিষয় আছে যা আমাদের শান্তিকে ভেঙ্গে টুকরো টুকরো করে দেয়: ঘৃণা এবং ক্ষমাহীনতা। এটি আমাদের একটি কবিতা স্মরণ করিয়ে দেয়:

### বিষ বৃক্ষ

উইলিয়াম ব্লেক

আমি বন্ধুর প্রতি রেগেছিলাম,
রাগের কথা বলেছিলাম তাকে, শান্ত হয়েছিল রাগ।
আমি শত্রুর প্রতি রেগেছিলাম,
সে কথা বলিনি তাকে, বৃদ্ধি পেয়েছিল রাগ।

চোখের জলে দিনরাত ভয়ে,
পুষে ছিলাম রাগ,
শান্ত প্রতারণার ছলে, মৃদু হাসির অন্তরালে,
উষ্ণ রেখেছি তাকে এতোদিন।

দিন রাত এটি বড় হয়েছিল,
যতদিন না ধরেছিল ফল- (আপেল)।
শত্রু আমার দেখেছিল ফল দারুণ উজ্বল,
জানতো সে ভালো কোরে ফলটা আমার।

আমার বাগান যখন রাতের অন্ধকারে ঢেকেছিল,
সে আমার গাছের ফল চুরি করেছিল,
সকালে আনন্দে আমি দেখি;
শত্রুর দেহ পড়ে আছে গাছের তলায়।

এটি আমার সব সময়ের প্রিয় কবিতা।

আমাদের ক্ষমা করতে হবে এবং সামনে এগিয়ে যেতে হবে। কেবল তখনই আমরা শান্তি পাবো। আমরা যদি আমাদের হৃদয়ে ক্ষমাহীনতা ধরে রাখি, তাহলে শান্তি আমাদের ফাঁকি দিয়ে পালিয়ে যাবে। হ্যাঁ, লোকেরা আমাদের বিরুদ্ধে অন্যায় করতে পারে, যা আমাদের অন্তরে গভীর ক্ষত সৃষ্টি করতে পারে, আমাদের যন্ত্রণায় কষ্ট দিতে পারে, অথবা পেছন থেকে ছুরি মারতে পারে। ঈশ্বরকে এই নিয়ে কাজ করতে দিন। হতে পারে এখনও আপনার জীবনে কাউকে ক্ষমা করতে হবে; এখনই সময়। কিছু লিখে পাঠাতে পারেন অথবা সম্মিলিত হওয়ার জন্য একটা ফোন করতে পারেন। ঈশ্বর আপনাকে এটা করার জন্য শান্তি দিন।

## ৩। তাঁর উপস্থিতির উপহার!

ঈশ্বরের তৃতীয় উপহার হচ্ছে তাঁর উপস্থিতি। বাঃ! কি চমৎকার উপহার! তাঁর নাম ইম্মানুয়েল, যার অর্থ "আমাদের সহিত ঈশ্বর।" তিনি আমাদের কাছে প্রতিজ্ঞা করেছেন যে তিনি আমাদের কখনও ছাড়বেন না, কখনও পরিত্যাগ করবেন না। তাঁর উপস্থিতির মধ্যে, আনন্দের



তাঁর উপস্থিতির মধ্যে আনন্দের পূর্ণতা আছে

পূর্ণতা আছে (গীত ১৬:১১)। রাজা দাউদের জীবনে সমস্ত কিছু ছিল—টাকা, যশ, সম্পদ, ক্ষমতা, বিজয়, কিন্তু তাঁর যা কিছু ছিল তার উর্দ্ধে তিনি যে বিষয় কামনা করেছিলেন তা হচ্ছে—সদাপ্রভুর উপস্থিতির মধ্যে থাকা, যা তার কাছে রাজপ্রাসাদে থাকার থেকেও অধিক গুরুত্বপূর্ণ ছিল। দাউদ যখন পাপ করেছিলেন, তখন তিনি তাঁর সামাজিক নামের বিষয় দুশ্চিন্তা করেননি; তিনি পবিত্র আত্মার উপস্থিতির বিষয় অধিক চিন্তিত ছিলেন। তিনি বলেছিলেন, **"আমাকে তোমার সান্নিধ্য থেকে দূর কোরো না, আর তোমার পবিত্র আত্মাকে আমার কাছ থেকে নিয়ো না"** (গীত ৫১:১১)।

যীশু যখন ঘরে চলে গিয়েছিলেন, তিনি বলেছিলেন, **"আমি তোমাদের জন্য একজন সান্ত্বনা দাতাকে পাঠিয়ে দেব। তিনি তোমাদের পথ দেখাবেন। তিনি সর্বদা তোমাদের সঙ্গে সঙ্গে থাকবেন"** (যোহন ১৪:১৬)। আজ আমাদের নিজেদের প্রশ্ন করতে হবে, আমাদের জীবনে, আমাদের পরিবারে, আমাদের ঘরে, এবং আমাদের স্বামী এবং স্ত্রীর সম্পর্কের মধ্যে কি ঈশ্বরের উপস্থিতি আছে? আমরা কি ঈশ্বরের উপস্থিতিকে অগ্রাধিকার দিই নাকি আমরা এই জগতের উপহারগুলিকে অগ্রাধিকার দিই? এই বড়দিনে আমাদেরকে নিজেদের কাছে এই প্রশ্নটি জিজ্ঞাসা করতে হবে।

*(ক্রমশঃ, ৮ পাতায়)*


**নহিমিয় বাইবেল কলেজ**

**সান্ধ্যকালীন / আবাসিক কলেজ**

চীপক এবং সন্তোষপুরম

মাধ্যম: তামিল

Registered Candidate for Membership
Asia Theological Association (ATA)

৫৩ বছর যাবৎ আন্তজার্তিক খ্রীষ্টিয় নেতৃবর্গ এবং বরিষ্ঠ পালকদের দ্বারা স্বীকৃত

Certificate in Ministry
Diploma in Theology

শিক্ষগত যোগ্যতা: দশম শ্রেণী এবং তদুর্ধ
ভর্তির জন্য সত্বর যোগাযোগ করুন!

Contact : The Chairman, Nehemiah Bible College.
10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK, CHENNAI - 600 005, INDIA.
Phone : (+91-44) 2852 8282, Cell : (+91) 98410 71852 / 95661 31858
E.mail : sam@echoofhiscall.org / Website : www.echoofhiscall.org
★ ONLINE CLASSES ARE AVAILABLE ★

# PLEASE PRAY FOR OUR MINISTRIES AT THE HEAD QUARTERS

1. Prayer Service : 24 hours
2. **BIBLECOR -** Bible Correspondence Courses : English, Tamil & Hindi
3. **ECHO OF HIS CALL** - Monthly Magazines : English, Tamil, Malayalam, Telugu, Hindi, Kannada, Marathi, Gujarati, Bengali, Odiya, Nepali, Assamese, Punjabi, Urdu, Sinhala & Afrikan.
4. Nehemiah Bible Colleges (Three Centres) (Evening / Residential)
5. Theological Correspondence Courses: English & Tamil
6. Great Commission Partners (Network of Pastors)
7. Training Programmes
8. Crusades
9. Literature Distribution and Follow Up
10. Gospel Printing Press - Publications
11. St. Paul's Matriculation School - Village English High School
12. Sunday Schools : 8.30 a.m. & 4.00 p.m. Sunday
13. **Tamil Services : 8.00 a.m. & 10.00 a.m. Sunday**
14. **Hindi Service : 4.00 p.m. Sunday**
15. **Telugu Service : 5.00 p.m. Sunday**
16. **English & Tamil Service : 6.00 p.m. Sunday**
17. Women's Prayer : 5.30 p.m. Wednesday
18. Men's Prayer : 7.00 p.m. Friday
19. Discipleship Meeting : 6.00 p.m. Saturday
20. House Meetings : 6.30 p.m. Tuesday & Thursday
21. Special Holy Communion : 6.00 a.m. 1st day of each month
22. Ministers Review Meeting : 5.30 p.m. First Saturday
23. Parents' Prayer : 4.00 p.m. First Sunday
24. Night Prayer : 9.30 p.m. Second Friday
25. Fasting Prayer : 9:30 a.m. Third Saturday
26. Holy Communion : Second Sunday Services
27. Youth / Kid Prayer : 10.00 p.m. daily
28. Staff Devotion : 9.00 a.m. daily
29. Office : 9.00 a.m. to 9.00 p.m. (except Sundays)

## কেবলমাত্র ভারতে আহ্বানের প্রতিধ্বনি ডাক মারফত পাঠক্রমগুলির জন্য

### ১। বাইবেলকোর

আমরা নতুন খ্রীষ্ট বিশ্বাসীদের জন্য এবং অখ্রীষ্টানদের জন্য বাইবেলের মৌলিক সত্যগুলির উপর ডাক মারফত পাঠক্রম প্রদান করি: ইংরাজী ৫৭ পৃষ্ঠার, হিন্দি ৭৬ পৃষ্ঠার এবং তামিল ৯৬ পৃষ্ঠার বই। **"আপনার জন্য নতুন জীবন"** নামের একটি পাঠক্রমের বই আপনি পাবেন। এই পাঠক্রম শেষ করার পর, আপনি একটি সার্টিফিকেট পাবেন। পাঠক্রমের জন্য কোনও আবশ্যিক ফী নেই। আপনি আশীর্ব্বাদ পাবেন।

### ২। ডাক মারফত ঈশ্‌তাত্ত্বিক পাঠক্রম

থিওলজিকাল করেসপণ্ডেস কোর্স নামে অভিহিত অ্যাডভানস্ ডিস্টেন্স এডুকেশনের নিম্নলিখিত ভাষায় পাঠক্রমের বইগুলি পালকদের জন্য, সুসমাচার প্রচারকদের জন্য, খ্রীষ্টান নেতাদের জন্য এবং গৃহী পালকদের জন্য পাওয়া যাচ্ছে যাদের ঈশ্বরের পরিচর্যা কাজের জন্য প্রবল আগ্রহ আছে তাদের জন্য: ইংরাজী ৫৩৭ পৃষ্ঠার এবং তামিল ৬৫২ পৃষ্ঠার বই। এর জন্য মূল্য ধার্য করা হয়েছে ১০০০ টাকা। ১৪৯টি অধ্যায়ে বিভক্ত সাতটি বই সরবরাহ করা হবে। সার্টিফিকেট অফ মিনিস্ট্রি প্রদান করা হবে। ঈশ্বর আপনাকে আশীর্ব্বাদ করুন।

*বিস্তারিত বিবরণের জন্য আমাদের সঙ্গে যোগাযোগ করুন।*

**The Chairman, Nehemiah Bible College,**
Echo of His Call, Post Box 2957
CHEPAUK, CHENNAI - 600 005.
Ph.: (044) 2852 8282, 2852 9293, 2854 7766,
Cell : 98410 71852, 95661 31858
E.mail : biblecor@yahoo.co.in

বিনামূল্যে মাসিক পত্রিকা
## আহ্বানের প্রতিধ্বনি
লাভের সুবর্ণ সুযোগ

আপনি যদি ডাক, ই-মেইল, ফোন এবং ওয়াটস অ্যাপের মাধ্যমে আপনার/আপনার বন্ধুদের/আত্মীয়দের ঠিকানা পাঠিয়ে দেন, তাহলে আমরা সম্পূর্ণ বিনামূল্যে আপনাদের আহ্বানের প্রতিধ্বনি মাসিক পত্রিকাটি পাঠিয়ে দিতে পারবো।

## TAX EXEMPTION

Donations by any individual or organization from India to **Echo of His Call Educational Trust** are eligible for Income Tax exemption under Section 80G of the Income Tax Act. Official receipts will be issued for this purpose. Please make your Demand Drafts / Cheques / M.O. for such donations in favour of **Echo of His Call Educational Trust** and send to us, along with your Aadhar Number and PAN for getting Income Tax Exemption.

| | | |
|---|---|---|
| **Account Name** | : | **ECHO OF HIS CALL EDUCATIONAL TRUST** |
| **Account Number** | : | **1023 2923 805** |
| **Bank Name** | : | **STATE BANK OF INDIA** |
| **Branch** | : | **TRIPLICANE, CHENNAI - 600 005** |
| **IFSC Code** | : | **SBIN 0000249** |
| **SWIFT Code** | : | **SBI NIN BB 455** |



# পাতাল থেকে রাজপ্রাসাদ
# PIT TO PALACE

(পাস্টর এস. স্যাম সেলভা রাজের জীবনের অভিজ্ঞতাসমূহ)

"... যে জন পাঠ করে সে বুঝুক (মথি ২৪:১৫)

## সদাপ্রভু শ্রবণ করেন এবং উদ্ধার কারেন!


**আমি তোমাকে আঁকড়ে ধরে থাকি, তোমার শক্তিশালী ডান হাত আমাকে ধারণ করে। গীত ৬৩:৮**

একজন পরিচর্যাকারী হিসাবে আমার প্রথম দিকের দিনগুলিতে, আমার কম উপার্জনের জন্য আমাকে অনেক সরল জীবনযাপন করতে হতো। একদিন সকালে,আমার স্বর্গীয় প্রধান পালক, পাস্টর জি. সুন্দরম, চার্চে ঘোষণা করেছিলেন যে আগামী রবিবার চেন্নাইয়ের পেরিয়ার থিডাল হলে একটি বিশেষ সভার আয়োজন করা হয়েছে। সেই সময়, চার্চে চটি জুতো রাখার স্ট্যাণ্ড পাহারা দেবার দায়িত্বে ছিলাম আমি। সুতরাং, আমি আমার একমাত্র সব থেকে ভালো পোষাকটি ধুয়ে ছিলাম এবং রবিবারে পড়ে যাবার জন্য প্রস্তুত করে রেখেছিলাম।

আগের শুক্রবারে, একজন যুবক আমার সঙ্গে সাক্ষাৎ করতে এসেছিল এবং আমার এক বন্ধুর ভাই হিসাবে সে নিজের পরিচয় দিয়েছিল। সে আমার কাছে দুদিন থাকতে চেয়েছিল, এবং আমি আনন্দের সঙ্গে তাকে আমার সঙ্গে থাকতে দিয়েছিলাম। আমি আমার পুরানো বন্ধুর ভাইকে সাহায্য করতে পেরে খুব খুশী হয়েছিলাম।

যাইহোক, আমাকে অবাক করে দিয়ে, পরদিন (শনিবার) আমি যখন ঘর থেকে দূরে ছিলাম, সে আমার সমস্ত নতুন এবং পুরাতন পোষাকগুলো সংগ্রহ করেছিল, এমনকী রবিবারের উপাসনা সভায় ব্যবহার করার জন্য যে পোষাকটা আমি সরিয়ে রেখেছিলাম সেটা সহ, আমার আরও অন্যান্য মূল্যবান জিনিসগুলো নিয়েছিল এবং পালিয়ে গিয়েছিল। আমি আমার সমস্ত পোষাক এবং গুরুত্বপূর্ণ জিনিসগুলো হারিয়েছিলাম।

আমি আমার এই পরিস্থিতির জন্যে ভীষণ দুঃখিত হয়েছিলাম কারণ রবিবারের জন্য আরেক জোড়া পোষাক কেনার মতো টাকা আমার ছিল না। ময়লা পোষাক পড়ে জুতো চটি দেখাশোনার কাজের দায়িত্ব পালন করার বিষয়টি আমার কাছে গ্রহণযোগ্য ছিল না, কারণ! আমার প্রধান পালক পোষাক এবং চেহারার বিষয়ে খুব কঠোর ছিলেন। আমি ভীষণ নিরাশ হয়েছিলাম এবং প্রভুর প্রতি ফিরেছিলাম, আশা করেছিলাম তিনি নতুন পোষাক কেনার জন্য টাকার ব্যবস্থা করে দেবেন।



যদিও আমার বিশ্বাস কম্পিত ছিল, তথাপি শনিবার বিকাল বেলায় এই কঠিন পরিস্থিতিতে ঈশ্বরের আশ্চর্য কাজের উপর বিশ্বাস করা ছাড়া আমার আর কোনও উপায় ছিল না।

হঠাৎ, কোনও একজন আমার ঘরের বাইরে থেকে আমাকে ডেকেছিল। আমি বাইরে গিয়েছিলাম এবং তাকে ভেতরে আসতে বলেছিলাম। সে একটি ব্যাগে কয়েক সেট সাদা পোষাক নিয়ে এসেছিল। সে সেগুলি আমার হাতে দিয়েছিল এবং বলেছিল, "প্রিয় ভাই স্যাম, ছমাস আগে, আমার একজন আত্মিয় বিদেশ থেকে বেশ কয়েক সেট সাদা প্যাণ্ট এবং সার্ট এনেছিল। যেহেতু সেগুলো আমার সাইজের উপযুক্ত নয়, আমি সেগুলো তোমাকে দেওয়ার মনস্থ করেছি, যেহেতু সেগুলো নিখুঁতভাবে তোমার সাইজের উপযুক্ত। আমি কৃতজ্ঞতায় এবং আনন্দে পূর্ণ হয়েছিলাম যেহেতু সমস্ত পোষাকগুলো বিলাসী বিদেশী উপাদান দিয়ে তৈরী করা হয়েছে এবং একেবারে আমার সাইজের উপযুক্ত।

পরদিন,আমি একটি সেট পোষাক পড়েছিলাম এবং চার্চে গিয়েছিলাম। পাস্টর জি সুন্দরম, আমাদের প্রধান পালক, আমার পা থেকে মাথা অবধি আমাকে ভালোভাবে দেখেছিলেন এবং বলেছিলেন,"ব্রাদার স্যাম, তুমি আজকে দারুণ পোষাক পরিধান করেছো!" যা কিছু ঘটেছিল এবং ঈশ্বর কীভাবে আমাকে আশীর্বাদ করেছিলেন সেই বিষয়টি আমি সংক্ষেপে তাঁর কাছে ব্যাখ্যা করেছিলাম। তিনিও আনন্দিত হয়েছিলেন এবং আমার কাঁধ চাপড়িয়ে আমাকে পুনরায় আশ্বস্ত করেছিলেন, তিনি তাঁর চিরচারিত ভঙ্গীতে মৃদু হাসি দিয়েছিলেন। প্রভুর প্রশংসা হোক।

গীত ৩৪: ১৯ পদে বলা হয়েছে, **"ধার্মিক ব্যক্তি অনেক দুর্ভোগের সম্মুখীন হয়, কিন্তু সদাপ্রভু তাকে সেইসব থেকে মুক্ত করেন।"**

*******

*....Contd. from page 6*

## ৪। ঈশ্বরের শক্তির উপহার

আমাদের জীবনে আরেকটি অলৌকিক উপহার হচ্ছে আমাদের রাজকুমারের সম্ভ্রমকারী ভয় এবং তাঁর শক্তি। যীশুর জন্ম হচ্ছে আদি ৩:১৫ পদের আরেকটি প্রতিজ্ঞার সম্পূর্ণতা, যা ত্রাণকর্তার প্রথম প্রতিজ্ঞা। পদটিতে বলা হয়েছে, **"তোমার ও নারীর মধ্যে আর তোমার ও তার সন্তানসন্ততিদের মধ্যে আমি শত্রুতা জন্মাব; সে তোমার মাথা গুঁড়িয়ে দেবে আর তুমি তার পায়ের গোড়ালিতে আঘাত হানবে"** (আদি ৩:১৫)।

এই পদটি মানবজাতির সঙ্গে শয়তানের চিরকালীন শত্রুতা প্রতিষ্ঠিত করে। যাইহোক, যীশুর জন্ম প্রত্যেকটি শক্তিকে নির্মূল করেছিল যা শয়তান ধরেছিল। শয়তান, যীশুর জন্মের সময় শিশুদের হত্যা করে ঈশ্বরের স্বর্গীয় পরিকল্পনাকে ব্যাহত করার চেষ্টা করেছিল। তা সত্ত্বেও, শয়তানের পরিকল্পনা ব্যর্থ হয়েছিল, যেহেতু ঈশ্বরের পরিকল্পনা ধ্বংস করতে পারা যায় না। প্রিয় সন্তানগণ, তোমার জন্য ঈশ্বরের পরিকল্পনাকে কেউ ধ্বংস করতে পারে না। এমনকী যদিও আপনার সাম্প্রতিক পরিস্থিতি অন্য কথা বলে, মনে রাখবেন যে **যিশাইয় ঈশ্বরকে এক উচ্চ ও উন্নত সিংহাসনে উপবিষ্ট দেখেছিলেন** (যিশাইয়

৬:১)। আমাদের প্রভু রাজত্ব করেন! আমাদের প্রভুর কাছে চূড়ান্ত কর্তৃত্ব আছে। ঈশ্বর আমাদের পদক্ষেপ পরিচালিত করেন এবং তিনি সমুদ্রের ঢেউয়ের সীমা স্থির করেন, তাদেরকে আরও অধিক অগ্রসহ না হওয়ার আদেশ দেন। ঈশ্বর ঘোষণা করেন, "আমার উদ্দেশ্য অবিচল থাকবে!" আমাদের ঈশ্বর পরাক্রমী এবং তাঁর ক্ষমতা ভীতিপ্রদ!

তিনি চান আমরা যেন জয়ী হই এবং আমাদের পরিস্থিতিগুলো, ব্যর্থতা পরাজয়, পাপ, অভিশাপগুলোকে এবং সর্বোপরি, শয়তানের উপর জয়ী হতে পারি। প্রচেষ্টা ত্যাগ করবেন না! বড়দিন আমাদের কাছে একটি স্মারক হিসাবে কাজ করে যে আমরা বিজয়ী অপেক্ষাও অধিক বিজয়ী। ইলীশাবেৎ অভিশাপকে জয় করেছিলেন, মরিয়ম সামাজিক কলঙ্ক চিহ্নকে জয় করেছিলেন, এবং মানবজাতি পাপ এবং শয়তানের উপর জয়ী হয়েছিল।

আপনি কীসের জন্য অপেক্ষা করছেন? মনে রাখবেন, আমরা বিজয়ী অপেক্ষা অধিক বিজয়ী!

## ৫। ক্ষমার উপহার



*Forgiveness of Jesus Christ*

অবশেষে, ঈশ্বর যখন এই জগৎ সৃষ্টি করেছিলেন, তিনি দেখেছিলেন এটি উত্তম, সুন্দর, এবং নিখুঁত ছিল। যাইহোক, অবাধ্যতার মাধ্যমে পাপের প্রবেশের সঙ্গে সঙ্গে প্রত্যেকটি বিষয় পরিবর্তিত হয়েছিল।

এটি পাপ এনেছিল, এবং মানবজাতি সেই সময় থেকে পাপ এবং এর পরিণতিগুলির উপর বিজয়ী হওয়ার জন্য সংগ্রাম করে আসছে। এটি হচ্ছে একটি ধারণা যা প্রত্যেকটি ধর্মের মধ্যে বিদ্যমান আছে। বাইবেলে উল্লেখ করা হয়েছে যে, "পাপের বেতন মৃত্যু... রোমীয় ৬:২৩। অন্যভাবে বলা যায়, আমাদের সমস্ত পাপপূর্ণ কাজগুলোর পরিণতিগুলো কেবল আমাদের দৈহিক মৃত্যুর মধ্যে সীমাবদ্ধ থাকে না কিন্তু এর অর্থ হল আমাদের আত্মিক মৃত্যু। পাপ আমাদের ঈশ্বরের কাছ থেকে পৃথক করেছে, আমাদের মধ্যে একটি বড় ব্যবধান সৃষ্টি করেছে। যাইহোক, যীশু খ্রীষ্টের জন্ম এই বিচ্ছিন্নতাকে চিহ্নিত করেছিল। যীশু যখন এই পৃথিবীতে এসেছিলেন, তাঁর উদ্দেশ্য ছিল আমাদের সমস্ত পাপের জন্য মৃত্যুবরণ করা এবং আমাদের শাস্তির জায়গাটি গ্রহণ করা। ক্রুশের উপর মৃত্যুবরণ করার দ্বারা, যীশু আমাদের জন্য "অনুগ্রহের" বিশেষ উপহার দিয়েছিলেন। বড়দিন হচ্ছে ঈশ্বরের বিশুদ্ধ, নিঃস্বার্থ প্রেমের বিষয়টি স্মরণ করা, যা আমাদের কাছে অনুগ্রহের আকারে আসে। উপরন্তু, যীশু অবিরত আমাদের জন্য মধ্যস্থতাকারী প্রার্থনা করছেন, যে বিষয় রোমীয় ৮:৩৪ পদে বর্ণনা করা হয়েছে। এটি স্মরণ করা গুরুত্বপূর্ণ যে কোনও পাপ এতো বড় নয় যা অনুগ্রহ আচ্ছাদন করতে পারে না, এবং কোনও পাপ এতো ছোট নয় যা অনুগ্রহ সংশোধন করতে পারে না।

প্রিয় বন্ধু, আমরা এই জগতের যে চাপগুলো এবং চ্যালেঞ্জ-গুলোর সম্মুখীন হই, তা কয়েক সময় আমাদের ঈশ্বরের কাছ থেকে দূরে সরিয়ে দেয়। আপনি যদি কখনও নিজেকে প্রভুর কাছ থেকে দূরে সরে যেতে দেখেন, তাহলে এখনি সেই সময় যখন আপনি তাঁর কাছে ফিরে আসতে পারেন।

যীশু আমাদের ভালোবাসেন এবং তিনি আমাদের ক্ষমা করতে চান। তিনি আমাদের সঙ্গে তাঁর ব্যক্তিগত সম্পর্ক কামনা করেন।

প্রিয় বন্ধুগণ, আমি প্রার্থনা করি যেন এই বড়দিন আপনাদের জীবনে একটি অর্থপূর্ণ বড়দিন হয়। আপনারা রাজকুমারের পাঁচটি উপহার উপভোগ করুন। আমি প্রার্থনা করি আপনি সর্বদা মনে রাখবেন যে যতই সময় লাগুক না কেন তিনি প্রতিজ্ঞা রক্ষাকারী। তিনি শান্তি দানকারী, এমনকী ঝড়ের মধ্যেও। তাঁর উপস্থিতি সর্বদা আমাদের সহবর্তী, এমনকী যখন আমরা এটা দেখতে অথবা অনুভব করতে পারি না তখনও। তিনি আমাদের শেষ নিঃশ্বাস পর্যন্ত আমাদের সঙ্গে থাকবেন। তিনি শক্তিশালী ঈশ্বর, সুতরাং আমাদের ভয় পেতে হবে না। তিনি কেবল আমাদের বিজয়ী করেন না কিন্তু তিনি আমাদের আরও অধিক বিজয়ী করেন। পরিশেষে, আপনি যেমন ঠিক সেই ভাবেই তিনি আপনাকে তাঁর বাহুর মধ্যে গ্রহণ করার জন্য অপেক্ষা করছেন।

আপনি যদি রাজকুমারের পাঁচটি উপহার গ্রহণ করেন, তাহলে আপনি বড়দিনের প্রকৃত অভিজ্ঞতা লাভ করতে পারেন!

আপনাদের সবাইকে সুখী, আশীর্বাদযুক্ত, আনন্দপূর্ণ, এবং অর্থপূর্ণ বড়দিনের জন্য শুভেচ্ছা জানাই।

## WANTED for

**NEHEMIAH BIBLE COLLEGE**
**of ECHO OF HIS CALL, Chennai**
**(ATA Candidate)**

1. **DEAN (Residential):**
   Hindi Theologian with M.Div. / M.Th. Degree & experience.
2. **VICE-PRINCIPAL:**
   English / Tamil / Hindi Theologian with M.Div. / M.Th. & experience.
3. **CO-ORDINATOR:**
   With Computer / Typing knowledge in English, Tamil & Hindi.

Eligible candidates may send bio--data to:
E.mail: sam@echoofhiscall.org
WhatsApp: (+91) 98410 71858

## জরুরী

আমাদের নহিমিয় বাইবেল কলেজের পাঠাগারের জন্য ১০০০ হিন্দি ভাষায় রচিত খ্রীষ্টীয় বইয়ের প্রয়োজন। আপনার পক্ষে এই হিন্দি বইগুলি জোগার করা সম্ভব হলে অনুগ্রহ করে আমাদের জানান।

- Pr. S. Sam Selva Raj, Editor
+91-98412 71858

## পাঠাগারের জন্য পুস্তক প্রয়োজন

আমাদের সেন্টপলস্ ম্যাট্রিকুলেসন স্কুল এবং নহিমিয় বাইবেল কলেজগুলির পাঠাগারের জন্য হিন্দি, তামিল এবং ইংরাজী বইয়ের প্রয়োজন। আপনার কাছে যদি নতুন অথবা পুরাতন বই ভালো অবস্থায় থাকে এবং আপনি যদি অনুদান হিসাবে দিতে চান, অনুগ্রহ করে আমাদের সঙ্গে যোগাযোগ করুন।

- Pr. S. Sam Selva Raj, Editor
+91-98412 71858

RNI NO. 70104/98, Postal Regn. No. TN/CH/(C)/205/21-23 WPP NO. TN/PMG(CCR)/WPP-264/21-23

## আহ্বানের প্রতিধ্বনি ইউটিউব

অনুগ্রহ করে যখনই সময় পাবেন তখনই আমাদের ইউটিউব চ্যানেলটি দেখুন এবং সাবস্ক্রাইব করুন। ধন্যবাদ।

## OUR BANK DETAILS:

### *1. Bank : State Bank of India*

| | |
|---|---|
| Branch | : Triplicane, Chennai-5 |
| Name | : S. Sam Selva Raj |
| A/C No. | : 1023 2934 679 |
| IFSC | : SBIN 00 00 249 |
| SWIFT CODE | : SBI NIN BB 455 |

### *2. Bank : ICICI Bank*

| | |
|---|---|
| Branch | : Anna Salai, Chennai-6 |
| Name | : Echo of His Call |
| A/C No. | : 6038 0502 2319 |
| IFSC | : ICIC 000 6038 |

### *3. Bank : State Bank of India*

(This Account is for Tax Exemption for Indians only )

| | |
|---|---|
| Branch | : Triplicane, Chennai-5 |
| Name | : Echo of His Call Educational Trust |
| A/C No. | : 1023 2923 805 |
| IFSC | : SBIN 00 00 249 |

Google Pay: 98410 71858
PayPal : SAM SELVA RAJ

*****

E.mail : sam@echoofhiscall.org

# আহ্বানের প্রতিধ্বনি

১৬টি ভাষায় প্রকাশিত মাসিক পত্রিকা, বাইবেল কলেজসমূহ, ডাকযোগে পাঠক্রমগুলি, মণ্ডলী স্থাপন, গ্রামীণ ইংরাজী উচ্চবিদ্যালয়, গসপেল প্রিন্টিং প্রেস, ক্রুশেড, সেমিনার, সামাজিক পরিষেবা, ইত্যাদি।

**বাৎসরিক গ্রাহক মূল্য :** ১০০ টাকা  **আজীবন গ্রাহক মূল্য :** ২,০০০ টাকা

আপনাদের মতো ঈশ্বরের সন্তানদের স্বেচ্ছাদত্ত অনুদানের মাধ্যমে আমাদের **আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যাগুলির** এই বহুমুখী কার্যকলাপগুলি পরিচালিত হচ্ছে। ঈশ্বর যেভাবে আপনাকে পরিচালিত করবেন সেইভাবে আপনিও **আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাকে** এবং এর কার্যকলাপগুলিকে সাহায্য করতে পারেন। সুসমাচার অপ্রসারিত এলাকাগুলিতে লোকদের কাছে সুসমাচার পাঠাতে এবং মণ্ডলী স্থাপন করার জন্য আমাদের প্রয়োজন আপনাদের সহৃদয় সাহায্য।

আপনি যদি নিয়মিত আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি পেতে চান, অনুগ্রহ করে আমাদের লিখুন। আপনি যখনই আপনার ঠিকানা অথবা ই-মেইল পরিবর্তন করবেন তখনই অনুগ্রহ করে আপনার পুরাতন এবং নতুন ঠিকানা পাঠিয়ে দেবেন।

তাঁর **আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি** ১৬টি ভাষায় আমাদের ওয়েবসাইটেও পাওয়া যায়। আপনি আমাদের ওয়েবসাইটে গিয়ে পত্রিকাগুলি পাঠ করতে পারেন এবং ডাউনলোড করতে পারেন এবং আশীর্বাদ লাভ করতে পারেন।

আপনার পত্রগুলি, প্রার্থনার অনুরোধগুলি এবং আপনার আর্থিক সাহায্যগুলি (মানি অর্ডার, চেক অথবা ডিমাণ্ড ড্রাফটগুলি, এনইএফটি, পেপাল (Sam Selva Raj, sam@echoofhiscall.org) ফোনপে ( 98410 71858 ), জিপে ( 98410 71858 ), ওয়েস্টার্ন ইউনিয়ন, আহ্বানের প্রতিধ্বনির নামে মানিগ্রাম অনুগ্রহ করে নীচের ঠিকানায় পাঠিয়ে দিতে পারেন।

অনুগ্রহ করে আপনার ল্যাণ্ড ফোন/মোবাইল ফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা পাঠিয়ে দিন যাতে আমরা আধুনিকীকরণ করতে পারি।

Our address :


## ECHO OF HIS CALL

10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK, CHENNAI - 600 005, INDIA

PH: (+91-44) 2852 8282, 2852 9293, 2854 7766, Cell: (+91) 98410 71852, 95661 31858 / E.mails: sam@echoofhiscall.org / biblecor@yahoo.co.in

Websites: www.echoofhiscall.org / www.stpaulsmatriculation.com


**YOU CAN SEND YOUR DONATIONS BY ONLINE ALSO**


RNI NO. 70104/98
**Postal Regn. No. TN/CH/(C)/205/21-23**
**WPP NO. TN/PMG(CCR) / WPP- 264/21-23**
**Date of Publication: Second week of every month**
**Date of Posting : 13th & 14th of every month**
**Posted at "Egmore RMS / 1 Patrika Channel"**
**on 14th** DECEMBER 2023
**If un-delivered please return to:**
**ECHO OF HIS CALL (BENGALI)**
**P.O. Box No. 2957,**
**Chepauk, Chennai - 600 005, INDIA.**
**Phone: (+ 91- 44) 2852 8282, 2852 9293, 2854 7766**


## *JESUS LOVES YOU!*

**To**

*GOD BLESS YOU!*

Owned and published by **S. Sam Selva Raj** from New No. 8 & 10, Old No.18 & 19, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005 and printed by **S. Sam Selva Raj** at **Echo of His Call Printers,** New No. 8 & 10, Old No.18 & 19, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005. Editor: **S. Sam Selva Raj.**